# ৩৭তম বিসিএস লিখিত পরীক্ষা

বিষয় কোড : ০০৫

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা, পূর্ণমান : ২০০

[দ্রষ্টব্য : প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

১. ক. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ও এর সুবিধাবলি বর্ণনা করুন। ৩ + ৭ = ১০

খ. জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশের উপর যে সকল বিরূপ প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে তাদের বিবরণ দিন। ১০

২. ক. নরগোষ্ঠী (Race) ও জাতি (Nation) এর মধ্যে পার্থক্যসমূহ লিখুন। ৬

খ. বাঙ্গালী একটি শংকর জাতি- ব্যাখ্যা করুন। ৮

গ. পার্বত্য চট্টগ্রামের চাকমাদের সামাজিক ও সাংস্কৃতিক জীবনের বর্ণনা দিন। ৬

৩. ক. দারিদ্র্য বিমোচন বলতে কি বোঝায়? ৫

খ. দারিদ্র্য বিমোচনে বাংলাদেশ সরকার যে সকল পদক্ষেপ গ্রহণ করেছে তা সংক্ষেপে বর্ণনা করুন। ১৫

৪. ক. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহের বিবরণ দিন। ১৫

খ. অ্যাটর্নি-জেনারেল এর নিয়োগ প্রক্রিয়া ও তার দায়িত্বাবলি সংক্ষেপে বর্ণনা করুন। ৫

৫. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনায় আইনসভা, নির্বাহী বিভাগ ও বিচার বিভাগের ভূমিকা বর্ণনা করুন। ২০

৬. ক. বাংলাদেশের পররাষ্ট্রনীতি প্রণয়নের নিয়ামকসমূহ আলোচনা করুন। ১০

খ. বর্তমান ভূরাজনীতির প্রেক্ষাপটে ভারত, বাংলাদেশ ও চীনের মধ্যে যে ধরনের সম্পর্ক বজায় রাখা সম্ভবপর বলে আপনি মনে করেন, সে ধরনের সম্পর্কের চিত্র তুলে ধরুন। ১০

৭. বাংলাদেশে রাজনৈতিক দলসমূহের মধ্যে জোট গঠন নতুন কোন ঘটনা নয়– আলোচনা করুন। ২০

৮. ক. গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রসারে নির্বাচন কমিশনের ভূমিকা আলোচনা করুন। ১০

খ. দুর্নীতি দূরীকরণের ক্ষেত্রে নির্বাচনী ব্যয় হ্রাসকরণ একটি মহৌষধ– মতামত দিন। ১০

৯. ক. দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সরকার কোন কোন ক্ষেত্রে ডিজিটালাইজেশন প্রক্রিয়া জনগণের দোরগোড়ায় পৌঁছাতে সচেষ্ট? বিবরণ দিন। ১০

খ. জনমত গঠনে সুশীল সমাজের ভূমিকা উল্লেখ করুন। ১০

১০. টীকা লিখুন (যে-কোনো চারটি) : ৫×৪ = ২০

ক. বাংলাদেশের রপ্তানি বাণিজ্য ও বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)

খ. বাংলাদেশে IMF এর কার্যক্রম

গ. ১৯৭০ সালের পাকিস্তানের সাধারণ নির্বাচন

ঘ. মুজিবনগর সরকার

ঙ. বাংলাদেশের খনিজ সম্পদ এবং

চ. নারীর ক্ষমতায়নে বাংলাদেশের অবস্থান।